

Visit of External Affairs Minister of India to Slovakia and Czech Republic (June 02-06, 2022)

June 06, 2022

ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রীর স্লোভাকিয়া এবং চেক প্রজাতন্ত্র সফর (জুন 02-06,2022)

জুন 06,2022

ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী ডঃ এস জয়শংকর (ইএএম) 02-03 জুন 2022 স্লোভাকিয়াতে এবং 04-06 জুন 2022-এ চেক প্রজাতন্ত্রে একটি সরকারি সফর করেছেন।

2. স্লোভাকিয়ার বিদেশ এবং ইউরোপীয় বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার ইভান করককের আমন্ত্রণে 1993 সাল থেকে ইএএম প্রতিষ্ঠা হবার পর থেকে এটি স্লোভাকিয়াতে সর্বপ্রথম ইএএম স্তরের সফর ছিল। ভারত এবং স্লোভাকিয়া গণতন্ত্র, আইনের শাসন, স্বাধীনতা ও সাম্যের অভিন্ন মূল্যবোধের উপরে ভিত্তি করে ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কের অংশীদার।

3. 03 রা জুন, ইএএম ব্রাটিসলাভাতে আয়োজিত গ্লোবসেক(জিএলওবিএসইসি)-2022 ফোরামে অংশগ্রহণ করেছেন এবং ‘ বন্ধুত্বকে পরবর্তী স্তরে নিয়ে যাওয়া: ইন্দো-পেসিফিক অঞ্চলে জোট’ বিষয়ের উপরে বক্তৃতা দিয়েছেন।

4. দ্বিপাক্ষিক ফ্রন্টে, বিদেশমন্ত্রী স্লোভাকিয়ার প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার এডুয়ার্ড হেগরের সাথে সাক্ষাৎ করেছেন এবং বিদেশমন্ত্রী করককের সাথে প্রতিনিধিস্তরে আলোচনা করেছেন। ইউক্রেন থেকে 115 জন ভারতীয় শিক্ষার্থীকে সরিয়ে নিয়ে আসার জন্য সাহায্য করা জন্য স্লোভাকিয়াকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। তিনি পারস্পরিকভাবে ভ্যাকসিনের শংসাপত্রকে মান্যতা দেবার জন্য প্রশংসাও করেছেন যার ফলে স্লোভাকিয়া এবং ভারত এই দুই দেশের মধ্যে ভ্রমণের খুব সুবিধা হয়েছে। উভয় পক্ষ বাণিজ্য, বিনিয়োগ এবং প্রতিরক্ষা ক্ষেত্রে সম্প্রসারিত সহযোগিতা নিয়ে আলোচনা করেছে। বিদেশমন্ত্রী ভারত সফর করার জন্য বিদেশমন্ত্রী করকককে আমন্ত্রণ জানিয়েছেন এবং জানিয়েছেন যে, দ্রুত বর্ধনশীল বেসরকারী খাতে সেই সাথে প্রতিরক্ষা শিল্প খোলার জন্য ব্যবসা করা যথেষ্ট সহজ হয়েছে। বিদেশমন্ত্রী করকককে ভারত সফর করার জন্য আমন্ত্রণ জানিয়েছে এবং বিদেশজ মন্ত্রী করকক আগামী মাসে এক বিশাল ব্যবসায়ী প্রতিনিধি দল নিয়ে ভারতে সফর করার জন্য তার আগ্রহ প্রকাশ করেছেন। বিদেশমন্ত্রী আন্তর্জাতিক সৌরে জোটে যোগদান করার জন্য স্লোভাকিয়াকে আমন্ত্রণও জানিয়েছেন। উভয়পক্ষ ইউক্রেন, ইইউ এবং ইন্দো-পেসিফিক সহ আঞ্চলিক সেইসাথে বহুপাক্ষিক সমস্যা গুলি নিয়ে মত বিনিময় করেছে।

5. বিদেশমন্ত্রী শিক্ষার্থী সহ ভারতীয় সম্প্রদায়ের একটি অংশের সাথে আলাপচারিতা করেছেন। তিনি দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করার ক্ষেত্রে এবং সেইসাথে দুই দেশের মধ্যে জনগণের সাথে জনগণের সম্পর্ককে উৎসাহিত করার ক্ষেত্রে তাদের ভূমিকা পালনের জন্য প্রশংসা করেছেন।

6. গ্লোবসেক(জিএলওবিএসইসি)-2022 ফোরামের পাশাপাশি বিদেশমন্ত্রী অস্ট্রিয়ার ইউরোপীয় এবং আন্তর্জাতিক বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার আলেকজান্ডার স্ক্যাএনবার্গের সাথে সাক্ষাৎ করেছেন। বিদেশমন্ত্রী স্ক্যাএনবার্গ 2022 সালের মার্চ মাসে তার ভারত সফরের কথা উষ্ণভাবে স্মরণ করেছেন এবং ব্যক্ত করেছেন যে সেটি খুব ফলপ্রসূ ছিল এবং আমাদের ভাগীদারিকে বিশেষত ব্যবসা এবং

সংস্কৃতির ক্ষেত্রে আরও মজবুত করার দিকে এগিয়ে নিয়ে গেছে। উভয়পক্ষ অভিবাসন ও গতিশীলতার পাশাপাশি ভ্যাকসিন শংসাপত্রের চুক্তির প্রতি কাজ করার জন্য সম্মত হয়েছে। দুই মন্ত্রী ইউক্রেন সংঘাত ও এর প্রভাব সহ আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়গুলি নিয়ে মত বিনিময়ও করেন।

7. বিদেশমন্ত্রী মন্টেনিগ্রোর রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার মিলো ডুকানোভিচ-এর সাথেও সাক্ষাৎ করেছেন। উভয়নেতা বহুপাক্ষিক ক্ষেত্রে দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ঘনিষ্ঠ সহযোগিতার কথা উল্লেখ করেছেন। আরা বিভিন্ন ক্ষেত্র ব্যাপী বিশেষ করে বিনিয়োগ, সংস্কৃতি, পর্যটন এবং পুনর্নবীকরণ শক্তির ক্ষেত্রে আমাদের সম্পর্ককে প্রসারিত করার পথগুলি নিয়ে আলোচনা করেছেন। মন্টেনিগ্রোর প্রেসিডেন্ট আইটিইসি ক্ষেত্রে আমাদের চালু থাকা সহযোগিতার প্রশংসা করেছেন এবং আগামী মাসগুলির মধ্যে বিদেশমন্ত্রীকে মন্টেনিগ্রোতে সফর করার জন্য বিদেশ মন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছেন।

8. বিদেশমন্ত্রী চেক প্রজাতন্ত্রের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার ইয়ান লিপাভসকির আমন্ত্রণে সেই দেশ সফর করেছেন। ভারত এবং চেক প্রজাতন্ত্র ঐতিহাসিক ভাবে উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উপভোগ করে এসেছে যাকিনা উচ্চ পর্যায়ের বিনিময় এবং ক্ষেত্র জুড়ে বর্ধিত সহযোগিতার মাধ্যমে বিগত কয়েকবছর ধরে শক্তিশালী হয়েছে।

9. প্রতিনিধি স্তরে আলোচনার সময়, দুই নেতা রাজনৈতিক, অর্থনৈতিক, প্রতিরক্ষা ও নিরাপত্তা, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি এবং জনগণের সাথে জনগণের বন্ধুত্বসহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া আলোচনা করেছেন। দুই পক্ষই প্রশংসা করেছে যে, দ্বিপাক্ষিক বাণিজ্য দুই বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে। ইইউতে আসন্ন চেক সভাপতিত্ব সহ ভারত-ইইউ সম্পর্ক নিয়েও আলোচনা করা হয়েছে। উভয়পক্ষ ভারত-ইইউ এফটিএ -র দ্রুত সমাপ্তির প্রতি কাজ করার জন্য সম্মত হয়েছে। উভয়পক্ষ ইন্দো-পেসিফিক এবং ইউক্রেন সংঘাত নিয়ে মত বিনিময় করেছে। তারা বহুপাক্ষিক ফোরামে সহযোগিতা নিয়েও আলোচনা করেছেন এবং এই ক্ষেত্রে ঘনিষ্ঠ হয়ে কাজ করাতে সম্মত হয়েছে।

10. বিদেশমন্ত্রী ইউরোপীয় সংসদের চেক সদস্যদের সাথে আলাপ আলোচনা করেছেন এবং ইইউ ও সেইসাথে চেক প্রজাতন্ত্রের সাথে মজবুত সম্পর্কের কথা আলোচনা করেছেন। তারা ইন্দো-পেসিফিক, খাদ্য এবং শক্তি সুরক্ষা সেইসাথে ডিজিটাল সহযোগিতা নিয়ে মত বিনিময় করেছেন।

11. বিদেশমন্ত্রী প্রাগে গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের আবক্ষ মূর্তিতে মাল্যদান করেছেন। তিনি ভারতীয় সম্প্রদায়ের লোকজনের সাথে আলাপচারিতা করেছেন এবং ভারত- চেক জনগণের সাথে জনগণের মৈত্রী প্রসারে তাদের ভূমিকা পালনের প্রশংসা করেছেন।

নিউ দিল্লি

জুন 06, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.